

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৯১৪

৪৬/ রাসূলুল্লাহ ্রান্ট্র ও তার সাহাবীগণের মর্যাদা (ﷺ ও তার সাহাবীগণের মর্যাদা (﴿ كَتَابِ الْمِنَاقِبِ عَن رَسُولَ اللهِ كَاللهِ كَاللهُ পরিচ্ছেদঃ ৬৮. মদীনা মুনাওওয়ারার মর্যাদা

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْد، عَنْ سَعِيد بْنِ أَبِي سَعِيد الْمَقْبُرِيِّ، عَنْ عَمْرِو بْنِ سُلَيْمٍ الزُّرَقِيِّ، عَنْ عَاصِمٍ بْنِ عُمَر، عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِب، قَالَ خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم حَتَّى إِذَا كُنَّا بِحَرَّةِ السُّقْيَا الَّتِي كَانَتْ لِسَعْد بْنِ أَبِي وَقَاصٍ فَقَالَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم " انْتُونِي بِوَضُوءٍ " . فَتَوَضَّا ثُمَّ قَامَ فَاسْتَقْبَلَ الْقِبْلَةَ ثُمَّ وَلَى اللّهِ صلى الله عليه وسلم " انْتُونِي بِوَضُوءٍ " . فَتَوَضَّا ثُمَّ قَامَ فَاسْتَقْبَلَ الْقِبْلَةَ ثُمَّ قَالَ " اللّهُمُّ إِنَّ إِبْرَاهِيمَ كَانَ عَبْدَكَ وَخَلِيلَكَ وَدَعَا لأَهْلِ مَكَّةَ بِالْبَرَكَةِ وَأَنَا عَبْدُكَ وَرَسُولُكَ وَخَلِيلَكَ وَدَعَا لأَهْلِ مَكَّةَ بِالْبَركَةِ وَأَنَا عَبْدُكَ وَرَسُولُكَ أَدْعُوكَ لأَهْلِ الْمَدِينَةِ أَنْ تُبَارِكَ لَهُمْ فِي مُدِّهِمْ وَصَاعِهِمْ مِثْلَىٰ مَا بَارَكْتَ لأَهْلِ مَكَّة مَعَ الْبَركَةِ بَرَكَتَيْنِ " . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ وَعَبْدِ اللّهِ بْن زَيْد وَأَبِي هُرَيْرَة .

বাংলা

৩৯১৪। আলী ইবনু আবী তলিব (রাযিঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে বের হলাম। অবশেষে যখন আমরা সা'দ ইবনু আবী ওয়াক্কাস (রাযিঃ)-এর বসতি এলাকা হাররাতুস-সুকইয়া'-তে পৌছলাম, সে সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমার জন্য উযূর পানি নিয়ে এসো। তিনি উযূ করলেন, তারপর কিলামুখী হয়ে দাড়িয়ে বললেনঃ "হে আল্লাহ ইবরাহীম (আঃ) তোমার বান্দা ও অন্তরঙ্গ বন্ধু ছিলেন। মক্কাবাসীদের জন্য তিনি বারাকাতের দু'আ করেছেন। আর আমিও তোমার বান্দা ও রাসূল। আমি মদীনাবাসীদের জন্য তোমার নিকট দু'আ করছি যে, তুমি মক্কাবাসীদের জন্য যে পরিমাণ বারাকাত দান করেছ, মদীনাবাসীদের মুদ ও সা'-এ তার দ্বিগুণ বারাকাত দান কর এবং এক বারাকাতের সঙ্গে দুটি বারাকাত দান কর।

সহীহঃ তা'লীকুর রাগীব (২/১৪৪)।

আবৃ ঈসা বলেন, এ হাদীসটি হাসান সহীহ। এ অনুচ্ছেদে আয়িশাহ, আবদুল্লাহ ইবনু যাইদ ও আবৃ হুরাইরাহ (রাযিঃ) কর্তৃকও হাদীস বর্ণিত আছে।



English

Narrated 'Ali bin Abi Talib:

"We departed with the Messenger of Allah (**) until he was at Harrah As-Suqya which belonged to Sa'd bin Abi Waqqas. So the Messenger of Allah (**) said: 'Bring me water for Wudu.' So he performed Wudu, then he faced the Qiblah and said: 'O Allah! Indeed Ibrahim was Your servant and Your Khalil, and he supplicated for blessings for the people of Makkah. And I am Your servant and Messenger, and I supplicate for the people of Al-Madinah; that You bless them in their Mudd and their Sa' like You blessed the people of Makkah, for each blessing let there be two blessings."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন